

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় কমিশন একযোগে পরিবেশ ব্যবস্থাপনায় বাংলাদেশকে সাহায্য করবে

ঢাকা, অক্টোবর ২৬ -- প্রাকৃতিক সম্পদ ও সংরক্ষিত অঞ্চল ব্যবস্থাপনা খাতে যৌথভাবে কাজ করতে যুক্তরাষ্ট্র সরকার এবং ইউরোপীয় কমিশন (ইসি) আজ এক সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে। যুক্তরাষ্ট্র সরকারের পক্ষে যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) এই সমঝোতায় স্বাক্ষর করে। ঢাকাস্থ ইউরোপীয় কমিশনের কার্যালয়ে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। বাংলাদেশে ইসি প্রতিনিধি দলের প্রধান রাষ্ট্রদূত স্টেফান ফ্রোয়েন এবং ইউএসএআইডি বাংলাদেশের মিশন পরিচালক ডেনিস রলিনস সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকারের নীতি ও কর্মসূচির সাথে সঙ্গতি রেখে এ দেশের বিশেষত সুন্দরবনের প্রাকৃতিক সম্পদ ও সংরক্ষিত অঞ্চল ব্যবস্থাপনা কর্মসূচিতে সাহায্য করার লক্ষ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়।

ইসির ৭৫ লক্ষ পাউন্ড অর্থায়নে ‘সুন্দরবনের পরিবেশগত ও জীবিকার নিরাপত্তা’ (এসইএএলস) প্রকল্প বাস্তবায়ন ও এর অগ্রগতি পর্যবেক্ষণ করতে ইউএসএআইডি এবং ইসি একযোগে কাজ করবে। ইউএসএআইডি’র এক কোটি ৫৫ লক্ষ ডলার অর্থায়নে ‘সমন্বিত সংরক্ষিত অঞ্চল সহ-ব্যবস্থাপনা’ (আইপিএসি) প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি তদারকির জন্যও দু’টি সংস্থা একসাথে কাজ করবে। পাঁচ-বছর মেয়াদি এসব প্রকল্পে অন্তর্ভুক্ত থাকবে সুন্দরবন ও এর আশপাশে বসবাসরত লোকদের জন্য নানারকম বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি করা এবং ঘূর্ণিঝড় সিডর আক্রান্ত অঞ্চলে অবকাঠামো পুনর্গঠন। প্রকল্পের অন্যান্য কাজের মধ্যে আছে পূর্ব সুন্দরবন, দক্ষিণ সুন্দরবন এবং পশ্চিম সুন্দরবনের বন্য পশুপাখির অভয়ারণ্যসহ ‘সুন্দরবনের সংরক্ষিত অরণ্য’ সংরক্ষণ এবং এসব এলাকায় বসবাসরত লোকদের সাহায্য করা যাতে তারা বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাওয়াতে পারে।

দুর্যোগ মোকাবেলা, দারিদ্র্য দূরীকরণ এবং গণতন্ত্রকে শক্তিশালী করার ক্ষেত্রে যুক্তরাষ্ট্র বাংলাদেশকে বরাবরই সহায়তা প্রদান করে আসছে। ইউএসএআইডি’র মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রে প্রত্যাবর্তন এবং স্বচ্ছ ও জবাবদিহিমূলক শাসনব্যবস্থা আনয়নে সহায়তা প্রদান করেছে। শিক্ষিত, স্বাস্থ্যবান ও কর্মক্ষম জনগোষ্ঠী তৈরিতে সাহায্য করতে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে সহায়তা প্রদান করেছে। ন্যায্য অর্থনৈতিক প্রবৃদ্ধির (জ্বালানি, বেসরকারি খাতে প্রতিযোগিতা সক্ষমতা ও সংরক্ষণ ইত্যাদি) মাধ্যমে অর্থনৈতিক সুযোগ বৃদ্ধিতে সাহায্য বাড়ানো, খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, উন্নত দুর্যোগ প্রস্তুতি ও প্রশমন ক্ষেত্রেও যুক্তরাষ্ট্র সরকার সাহায্য করে যাচ্ছে।

=====

জিআর/২০০৮

দ্রষ্টব্য: এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষা ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।